**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ**
**প্রজ্ঞাপন**

**তারিখ:.............বঙ্গাব্দ/............. খ্রিষ্টাব্দ।**

**এস. আর. ও. নং..........আইন/২০২২।-** নিরাপদ খাদ্য আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৩ নং আইন) এর ধারা ৮৭, ধারা ৪১ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:-

১। **শিরোনাম ও প্রয়োগ।-** (১) এই প্রবিধানমালা নিরাপদ খাদ্য (বিজ্ঞাপন ও দাবি) প্রবিধানমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) ইহা গেজেট প্রকাশের তারিখের ৯০ (নব্বই) দিন পর হইতে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।-** (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়-

(ক) **'অসংযোজন দাবি'** অর্থ যখন কোনো খাদ্যে কোনো উপাদান বা দ্রব্য প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যোগ করা হয় না অথবা খাদ্যে যাহার উপস্থিতি স্বাভাবিক এবং যাহা ভোক্তা কর্তৃক স্বাভাবিকভাবে প্রত্যাশা করা হয়;

(খ) **'আইন'** অর্থ নিরাপদ খাদ্য আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৩নং আইন);

(গ) **'কর্তৃপক্ষ'** অর্থ আইনের ধারা ২ এর দফা (১) এ সংজ্ঞায়িত কর্তৃপক্ষ;

(ঘ) **'খাদ্য'** অর্থ আইনের ধারা ২ এর দফা (৩) এ সংজ্ঞায়িত খাদ্য;

(ঙ) **'খাদ্যোপকরণ'** অর্থ খাদ্য-সংযোজন দ্রব্যসহ খাদ্য প্রস্তুতকরণে ব্যবহৃত যে কোনো উপকরণ বা উপাদান, যেরূপেই বিদ্যমান থাকুক না কেন, যাহা চূড়ান্ত খাদ্যে উপস্থিত থাকে;

(চ) **'খাদ্য ব্যবসায়ী'** অর্থ আইনের ধারা ২ এর দফা ৯ এ সংজ্ঞায়িত খাদ্য ব্যবসায়ী;

(ছ) **'চিনি'** অর্থ সকল ধরনের মনোস্যাকারাইডস ও ডাই স্যাকারাইডস;

(জ) **'দাবি (Claim)'** অর্থ যেকোনো ধরনের উপস্থাপনা যাহা কোনো একটি খাদ্যের লক্ষণীয় গুণাগুণ ও তথ্য যেমন-উহার উৎপত্তি, পুষ্টিগুণ, বৈশিষ্ট্য, প্রক্রিয়াকরণ, গঠন প্রকৃতি, ইত্যাদি প্রকাশ করে এবং যেকোনো ধরনের উপস্থাপনা বা বর্ণনা বা পরামর্শ, যাহা উক্ত গুণাগুণের সহিত সম্পর্কিত, উহাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঝ) **'দৈনিক খাদ্য চাহিদা** (Recommended Daily Allowances-RDA)' অর্থ লিঙ্গ বা বয়স ভেদে কোনো সুস্থ ব্যক্তির দৈনিক খাদ্য তালিকায় উপস্থিত গড় পুষ্টির পরিমাণ যাহা তাহার প্রয়োজনীয় পুষ্টি চাহিদা পূরণ করিবে এবং যাহা বাংলাদেশ সরকারের নির্ধারিত মান বা কোডেক্স এলিমেন্টারিয়াস এর মানদন্ড গাইডলাইন অনুযায়ী নির্দেশিত;

(ঞ) **'নিরাপদ খাদ্য'** অর্থ আইনের ধারা ২ এর দফা ১৭ এ সংজ্ঞায়িত নিরাপদ খাদ্য;

(ট) **'পুষ্টি দাবি'** অর্থ কোনো খাদ্যের অন্তর্নিহিত শক্তিমান (calorific value) অথবা আমিষ বা চর্বি বা কার্বোহাইড্রেট ইত্যাদির পাশাপাশি ভিটামিন, খনিজ বা অন্যান্য অনুমোদিত পুষ্টি উপাদানের উপস্থিতি অথবা অনুপস্থিতি সংক্রান্ত বিবৃতি বা পরামর্শ বা ইংগিত;

(ঠ) **'পুষ্টি উপাদান দাবি'** অর্থ পুষ্টি সংক্রান্ত দাবি যাহা খাদ্যে বিদ্যমান কোনো পুষ্টির অবস্থাকে বর্ণনা করে;

(ড) **'পুষ্টির তুলনামূলক দাবি'** অর্থ দুই বা ততোধিক খাদ্যের মধ্যে বিদ্যমান পুষ্টিস্তর বা শক্তিমান এর তুলনামূলক বিবৃতি;

(ঢ) **'প্রচার'** অর্থ যেকোনো ধরনের তথ্য বা বিনির্দেশ যাহার মাধ্যমে খাদ্য বা উহা ব্যবহারের সরঞ্জামাদি বিপণন, বিক্রয় বা বিতরণের জন্য বিভিন্ন তথ্য বিজ্ঞাপনের মাধ্যমে প্রচার করা হয়;

(ণ) **'প্রাকৃতিক'** অর্থ প্রকৃতিতে বিদ্যমান বা প্রাকৃতিকভাবে প্রাপ্ত খাদ্য যাহা মানব সৃষ্ট নয় অর্থাৎ কোনোরূপ প্রক্রিয়াজাতকরণ ব্যতিরেকে খাদ্য সরাসরি ভক্ষণ উপযোগী অবস্থায় পাওয়া যায়;

(ত) **'ফরম'** অর্থ এই প্রবিধানমালার ফরম;

(থ) **'বিজ্ঞাপন'** অর্থ নোটিশ, পরিপত্র, খাম, মোড়ক বা অন্য কোনো দলিলাদিসহ যেকোনো প্রকার প্রিন্ট বা ইলেকট্রনিক মিডিয়া, ই-মেইল, ইন্টারনেট বা অন্য কোনো মাধ্যমে লিখিত, ছাপানো, শব্দ, ইমেজ, রঙ বা আলোর মাধ্যমে খাদ্য সম্পর্কে কোনো ঘোষণা বা উপস্থাপনা;

(দ) **'ব্যক্তি'** অর্থ আইনের ধারা ২ এর দফা ২৮ এ সংজ্ঞায়িত ব্যক্তি;

(ধ) **'লেবেল'** অর্থ কোনো খাদ্যদ্রব্যের মোড়কের উপর সহজে দৃষ্টিগোচর হয় এইরূপ কোনো ট্যাগ, ব্রান্ড, মার্ক, চিত্র, চিহ্ন, হলমার্ক, গ্রাফিক্স বা বর্ণনামূলক নির্দেশনা, যাহা লিখিত, মুদ্রিত, সিলমোহরকৃত অথবা স্টেনসিল, এ্যাম্বোশ বা অমোচনীয় কালি দ্বারা কম্পিউটারাইজড প্রিন্টিং এর মাধ্যমে অথবা চাপ প্রয়োগের মাধ্যমে ছাপ প্রদান করা হয় বা সংযোজন করা হয়;

(ন) **'সমতুল্য দাবি'** অর্থ খাদ্যমান, পুষ্টির পরিমাণ এবং অন্য গুণাবলির বিবেচনায় কোনো খাবারের সমকক্ষ এইরূপ দাবি;

(প) **'সারণি'** অর্থ এই প্রবিধানমালার সারণি;

(ফ) **'স্বাস্থ্য সহায়ক দাবি'** অর্থ স্বাস্থ্যের সহিত খাদ্য বা খাদ্যোপকরণের প্রভাব সম্পর্কিত একটি বিবৃতি, পরামর্শ বা ইংগিত।

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যেই সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

মাবিয়া খাতুন
সহকারী সচিব (ড্রাফটিং)
সংসদ বিষয়ক বিভাগ

৩। **বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে শর্তাবলি।-** (১) খাদ্যদ্রব্য বা খাদ্যোপকরণের বিজ্ঞাপনের ক্ষেত্রে নিম্নবর্ণিত সাধারণ শর্তাবলি অনুসরণ করিতে হইবে, যথা:-

(ক) কোনো ব্যক্তি বিপণন বা বিক্রয়ের উদ্দেশ্যে বিজ্ঞাপনে বিভ্রান্তিকর বা অসত্য তথ্য প্রদান অথবা মিথ্যা নির্ভরতামূলক বক্তব্য প্রদান করিতে পারিবেন না;

(খ) বিজ্ঞাপনের ভাষা, দৃশ্য, চিত্র কিংবা নির্দেশনা ধর্মীয় ও রাজনৈতিক অনুভূতি, অসাম্প্রদায়িক চেতনা, সামাজিক, সাংস্কৃতিক এবং নৈতিক মূল্যবোধের প্রতি পীড়াদায়ক হইবে না;

(গ) বিজ্ঞাপনে অশ্লীল ও কুরুচিপূর্ণ শব্দ বা শব্দগুচ্ছ, উক্তি, সংলাপ, জিংগেল, ইত্যাদি ব্যবহার করা যাইবে না;

(ঘ) বিজ্ঞাপনে সমজাতীয় খাদ্যপণ্যের তুলনা বা নিন্দা করিয়া শ্রেষ্ঠত্ব দাবি করা যাইবে না;

(ঙ) কোনো ব্যক্তির শারীরিক ও মানসিক অক্ষমতা বা দৈহিক আকার ও বর্ণকে ব্যঙ্গ করিয়া কোনো বিজ্ঞাপন প্রচার করা যাইবে না;

(চ) বিজ্ঞাপনে কোনো শিশুকে পরনিন্দা, বিবাদ ও কলহে যুক্ত করিয়া বা ঝুঁকিপূর্ণ কোনো দৃশ্যে ব্যবহার করা যাইবে না;

(ছ) শিশুর শারীরিক, মানসিক, সামাজিক, সাংস্কৃতিক ও নৈতিক মূল্যবোধ ক্ষতিগ্রস্থ হয় এইরূপ কোনো বিজ্ঞাপন প্রদর্শন করা যাইবে না;

(জ) শিশুর স্বাভাবিক বিশ্বাস ও সরলতাকে প্রতারণাপূর্ণ ও চাতুর্যের সহিত কাজে লাগাইয়া কোনো বিজ্ঞাপন প্রচার করা যাইবে না;

(ঝ) মানব স্বাস্থের জন্য ক্ষতিকর এইরূপ কোনো খাদ্যদ্রব্য বা খাদ্যপকরণের বিজ্ঞাপন প্রচার করা যাইবে না;

(ঞ) খাদ্য বা খাদ্যোপকরণে এলার্জি বা অসহিষ্ণু প্রতিক্রিয়া সৃষ্টিকারী প্রভাব থাকিলে বিজ্ঞাপনে তাহা সতর্কীকরণ বার্তা হিসাবে সুস্পষ্টভাবে উল্লেখ না করিয়া প্রচার করা যাইবে না;

**ব্যাখ্যাঃ "এলার্জি বা অসহিষ্ণু প্রতিক্রিয়া"** বলিতে ঐসকল খাদ্য বা খাদ্যোপকরণ অথবা উহা হইতে প্রস্তুতকৃত খাদ্যপণ্যকে বুঝাইবে, যাহা সংবেদনশীল ভোক্তার শরীরবৃত্তিয় এলার্জিক প্রতিক্রিয়া সৃষ্টি করে বা কোনো অসহিষ্ণু প্রতিক্রিয়া ঘটায়।

(ট) কোনো চিকিৎসক, পুষ্টিবিদ বা খাদ্য সম্পর্কিত কোনো বিশেষজ্ঞ বাণিজ্যিক উদ্দেশ্যে নির্দিষ্ট কোনো ব্র্যান্ডকে বা খাদ্যপণ্যকে উৎসাহিত করিবার নিমিত্ত খাদ্য বিষয়ক বিজ্ঞাপনে উপস্থিত থাকিতে পারিবে না;

(ঠ) বিজ্ঞাপনে "চিকিৎসক, পুষ্টিবিদ বা খাদ্য সম্পর্কিত কোনো বিশেষজ্ঞ বা সমতুল্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশকৃত" মর্মে কোনো অভিব্যক্তি প্রকাশ বা ঘোষণা করা যাইবে না;

(ড) বিজ্ঞাপনে উল্লিখিত পণ্যে নিরাপদ খাদ্য ও মান সংক্রান্ত পুরস্কার ব্যতীত উৎপাদনকারী প্রতিষ্ঠানের অন্য কোনো বিষয়ে পুরস্কার প্রাপ্তির তথ্য উল্লেখ করা যাইবে না;

(ঢ) ভোক্তাকে অতিরিক্ত খাদ্য গ্রহণে উৎসাহিত করে এইরূপে কোনো খাদ্যপণ্যের বিজ্ঞাপন উপস্থাপন করা যাইবে না;

(ণ) কোনো ব্যক্তির বাজারজাতকৃত খাদ্যপণ্যের বিরুদ্ধে বিরূপ দাবি সংবলিত বিজ্ঞাপন প্রচার করা যাইবে না;

(ত) কোনো খাদ্যপণ্য প্রক্রিয়াজাত করা হইলে বা অন্য কোনো খাদ্যের সহিত মিশ্রিত করা হইলে বিজ্ঞাপনে উহা প্রাকৃতিক খাদ্য হিসাবে দাবি করা যাইবে না;

(থ) খাদ্য বা খাদ্যপণ্যের গুরুত্ব বৃদ্ধি করিবার উদ্দেশ্যে উহার উৎসস্থল, নিরাপদতা বা পুষ্টিগুণের বিষয়ে বিজ্ঞাপনে কোনো মিথ্যা বা বিভ্রান্তিকর তথ্য উল্লেখ করা যাইবে না;

(দ) অনিবন্ধিত কোনো খাদ্য বা খাদ্যপণ্য বিক্রয়ের উদ্দেশ্যে বিজ্ঞাপন প্রচার করা যাইবে না।

(২) উপ-প্রবিধান (১) এ বর্ণিত সাধারণ শর্তাবলি ছাড়াও মোড়কাবদ্ধ খাদ্য, আমদানিকৃত খাদ্য, রাসায়নিক দূষকযুক্ত খাদ্য বা শিশু খাদ্যের বিজ্ঞাপনের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিশেষ শর্তাবলি অনুসরণ করিতে হইবে, যথা:-

(ক) মোড়কাবদ্ধ প্রক্রিয়াজাত দুগ্ধ এবং মোড়কাবদ্ধ খাদ্যদ্রব্য বা খাদ্যোপকরণের বিজ্ঞাপনের ক্ষেত্রে "মোড়কাবদ্ধ খাদ্য লেবেলিং প্রবিধানমালা, ২০১৭" এর বিধান অনুসরণ করিতে হইবে;

(খ) কোনো খাদ্যদ্রব্যে রাসায়নিক দূষক, টক্সিন বা ক্ষতিকর অবশিষ্টাংশ বিদ্যমান থাকিলে উহার উৎপাদন, আমদানি, বিপণন বা বিক্রয়ের উদ্দেশ্যে বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে "নিরাপদ খাদ্য (রাসায়নিক দূষক, টক্সিন ও ক্ষতিকর অবশিষ্টাংশ) প্রবিধানমালা, ২০১৭" এর বিধান অনুসরণ করিতে হইবে;

(গ) মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদির বিজ্ঞাপনের ক্ষেত্রে "মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি (বিপণন নিয়ন্ত্রণ) আইন, ২০১৩" এর বিধান অনুসরণ করিতে হইবে;

(ঘ) আমদানিকৃত খাদ্যদ্রব্য বা খাদ্যোপকরণের বিজ্ঞাপনে এইরূপ কোনো শব্দ বা অভিব্যক্তি প্রকাশ বা ঘোষণা করা যাইবে না যাহাতে ভোক্তা সাধারণের মাঝে এমন ধারণা হয় যে, আমদানিকৃত খাদ্য দেশে উৎপাদিত খাদ্য অপেক্ষা উচ্চমানসম্পন্ন।

৪। **খাদ্যের দাবি প্রচারের শর্ত।**— কোনো খাদ্যদ্রব্য বা খাদ্যোপকরণের উপাদানগত গুণাগুন বা অন্য কোনো প্রকার দাবি সংবলিত বিজ্ঞাপনের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অনুসরণ করিতে হইবে, যথা:-

(ক) দাবির তথ্য সত্য, সুস্পষ্ট ও সহজবোধ্য হইতে হইবে;

(খ) এইরূপ কোনো দাবি করা যাইবে না যাহাতে সুষম এবং বৈচিত্র্যপূর্ণ খাবার সকল ধরনের পুষ্টি সরবরাহ নিশ্চিত করিতে পারে না মর্মে প্রতীয়মান হয়;

(গ) যেকোনো পুষ্টি বা স্বাস্থ্যগত দাবি অবশ্যই হালনাগাদ প্রাসঙ্গিক বৈজ্ঞানিক প্রমাণের ভিত্তিতে হইবে এবং দাবিকৃত প্রভাব অবশ্যই বৈজ্ঞানিক প্রমাণ দ্বারা সমর্থিত হইতে হইবে;

(ঘ) দাবির সুফল খাদ্য প্রস্তুতকরণ পদ্ধতি বা অভিপ্রেত ব্যবহারের উপর নির্ভর করিলে, সারনি-৬ অনুযায়ী বিজ্ঞাপন প্রচার করিতে হইবে;

(ঙ) 'প্রাকৃতিক', 'নতুন', 'বিশুদ্ধ', 'আসল', 'ঐতিহ্যবাহী', 'খাঁটি', 'আদি', ইত্যাদি বিশেষণ সম্বলিত ট্রেডমার্ক, ব্র্যান্ড নাম বা অভিনব নাম ব্যবহার করা যাইবে, তবে বিজ্ঞাপন ও লেবেলের যথাযথ স্থানে **"ইহা শুধু একটি ব্র্যান্ড নাম বা ট্রেডমার্ক"** মর্মে কমপক্ষে ৩ মি: মি: আকারের একটি বিবৃতি থাকিবে;

(চ) এইরূপ কোনো দাবি করা যাইবে না যাহা ভোক্তার জন্য বিভ্রান্তিকর (যেমন: 'ঘরে তৈরি', 'বাড়িতে রান্না করা', ইত্যাদি);

(ছ) খাদ্যের প্রস্তুত সংক্রান্ত কোনো ধর্মীয় দাবির ক্ষেত্রে (যেমন: হালাল বা অন্য কোনো সমজাতীয় অভিব্যক্তি) সংশ্লিষ্ট ধর্মীয় কর্তৃপক্ষের বা এইরূপ সনদ প্রদানকারী কর্তৃপক্ষের অনুমোদিত সনদ থাকিতে হইবে।

৫। **পুষ্টি সংক্রান্ত দাবির শর্ত।**- (১) খাদ্যদ্রব্য বা খাদ্যোপকরণের বিজ্ঞাপনে খাদ্যের পুষ্টি উপাদান দাবির ক্ষেত্রে সারণি-১ এ বর্ণিত শর্ত এবং সারণি-২ এ বর্ণিত সমার্থক শব্দ ব্যবহার করিয়া প্রচার করা যাইবে।

(২) খাদ্যে পুষ্টির তুলনামূলক দাবি করিতে হইলে তুলনাকৃত খাদ্যসমূহ সহজেই শনাক্তযোগ্য হইতে হইবে এবং এইরূপ দাবির ক্ষেত্রে খাদ্যের শক্তিমান অথবা পুষ্টি উপাদানের নিম্নবর্ণিত পরিমাণগত অথবা গুণগত পার্থক্য সংবলিত একটি বিবৃতি প্রদান করিতে হইবে, যথা:-

(ক) তুলনার ক্ষেত্রে দাবিকৃত পার্থক্য শতাংশ (%), ভগ্নাংশ বা পরম পরিমাণে (absolute amount) প্রকাশ করিতে হইবে;

(খ) তুলনার বিস্তারিত বিবরণ এমনভাবে প্রকাশ করিতে হইবে যাহাতে উহা ভোক্তার নিকট সহজবোধ্য হয়;

(গ) তুলনাকৃত খাদ্যের শক্তিমান অথবা মুখ্য পুষ্টি উপাদানের আপেক্ষিক পার্থক্য কমপক্ষে ২৫ (পঁচিশ) শতাংশ হইতে হইবে এবং শক্তিমান ও পুষ্টি উপাদানের সর্বনিম্ন পার্থক্য সারণি - ১ এ বর্ণিত 'নিম্নমাত্রা' বা 'উৎস' এর সমতুল্য হইতে হইবে;

(ঘ) সোডিয়াম ব্যতীত অন্যান্য অনুপুষ্টির (micronutrients) তুলনামূলক দাবির ক্ষেত্রে তুলনাটি, তুলনাকৃত খাদ্যের নিউট্রিয়েন্ট রেফারেন্স ভ্যালুর (nutrient reference value) কমপক্ষে ১০ (দশ) শতাংশের ভিত্তিতে হইতে হইবে।

৬। **চিনির অসংযোজন (non-addition) দাবি।**— (১) খাদ্যদ্রব্য বা খাদ্যোপকরণের বিজ্ঞাপনে চিনির অসংযোজন দাবি করা যাইবে, যদি-

(ক) খাদ্যে কোনো ধরনের চিনি বা চিনিযুক্ত খাদ্যোপকরণ সংযোজন করা না হয় (যেমন: সুক্রোজ, গ্লুকোজ, মধু, গুড়, কর্ন সিরাপ, জ্যাম, জেলী ইত্যাদি);



মাবিয়া
২০/১২/২২
মাবিয়া খাতুন
সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং)
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(খ) খাদ্যে উপস্থিত চিনির পরিমাণ, অন্য কোনো উপায়ে উপকরণ মিশ্রণের ফলে প্রাকৃতিকভাবে বিদ্যমান চিনি অপেক্ষা অধিক না হয় (যেমন: শর্করা বা চিনি নিঃসরণের জন্য হাইড্রোলাইজ স্টার্চে এনজাইম ব্যবহার);

(গ) খাদ্যে এইরূপ কোনো চিনি সমৃদ্ধ খাদ্যোপকরণ সংযোজন করা না হয় যাহার চিনির ন্যায় একইরূপ প্রভাব রহিয়াছে এবং খাদ্যে উহা সাধারণত চিনির বিকল্প হিসাবেই সংযোজন করা হইয়াছে (উদাহরণ: ফলের ঘনিভূত রস (non-reconstituted concentrated fruit juice), ফলের শুকনা পেস্ট, ইত্যাদি);

(২) চিনির অসংযোজন দাবি করিতে হইলে খাদ্যদ্রব্য বা খাদ্যেপকরণের লেবেলে ‘চিনি সংযোজন করা হয় নাই’ মর্মে একটি বিবৃতি প্রদান করিতে হইবে।

(৩) প্রাকৃতিকভাবে কোনো খাদ্যে চিনি উপস্থিত থাকিলে চিনির অসংযোজন দাবির ক্ষেত্রে লেবেলে ‘প্রাকৃতিকভাবে চিনিযুক্ত’ এবং উহার মাত্রা উল্লেখ করিতে হইবে।

৭। **লবণ অসংযোজন দাবি (non-addition of sodium cloride)।-** খাদ্যে কোনো লবণ (সোডিয়াম ক্লোরাইড) সংযোজন করা না হইলে উহার বিজ্ঞাপনে লবণ অ-সংযোজন দাবি করা যাইবে:

তবে শর্ত থাকে যে, খাদ্যে লবণ (সোডিয়াম ক্লোরাইড) সমৃদ্ধ কোনো খাদ্যোপকরণ যোগ করা হইলে উহাতে লবণ অ-সংযোজন দাবি করা যাইবে না, যেমন:-সস, আচার, লবণযুক্ত মাছ (salted fish), ফিস সস, ইত্যাদি:

আরও শর্ত থাকে যে, সামুদ্রিক মাছ বা সামুদ্রিক অন্য কোনো খাদ্যে প্রকৃতিক লবণের অতিরিক্ত লবণ যোগ করা না হইলে উহাতে লবণ অসংযোজন দাবি করা যাইবে।

৮। **সংযোজন দ্রব্য অ-সংযোজন দাবি।-** খাদ্যে খাদ্য-সংযোজন দ্রব্য ব্যবহার প্রবিধানমালা, ২০১৭ এ উল্লিখিত সংযোজন দ্রব্যের অ-সংযোজন দাবি তখনই করা করা যাইবে, যখন দাবিকৃত সংযোজন দ্রব্য-

(ক) উক্ত খাদ্যে যোগ করা না হইয়া থাকে;

(খ) খাদ্যের কোনো উপাদানে উপস্থিত না থাকে;

(গ) উক্ত প্রবিধানমালার বিধান অনুসারে বিশেষ কোনো খাদ্যে ব্যবহারযোগ্য; এবং

(ঘ) খাদ্যের সমতুল্য বৈশিষ্ট্য প্রদানের অভিপ্রায়ে অন্য সংযোজন দ্রব্য দ্বারা প্রতিস্থাপন করা না হইলে।

৯। **স্বাস্থ্য সহায়ক দাবি।-** (১) কোনো খাদ্যদ্রব্য বা খাদ্যোপকরণের বিজ্ঞাপনে স্বাস্থ্য সহায়ক দাবি করিতে হইলে নিম্নবর্ণিত শর্তাবলি অনুসরণ করিতে হইবে, যথা:-

(ক) স্বাস্থ্য সহায়ক দাবি সারণি-১ হইতে সারণি-৬ এ উল্লিখিত বিষয়বস্তু এবং শর্ত অনুযায়ী হইবে:

তবে শর্ত থাকে যে, সারণি-১ হইতে সারণি-৬ এ বর্ণিত বিষয়বস্তু ব্যতীত অন্য কোনো স্বাস্থ্য সহায়ক দাবির ক্ষেত্রে কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করিতে হইবে এবং সংশ্লিষ্ট

বিষয়ে বিশেষজ্ঞ ব্যক্তির প্রত্যয়ন পত্র থাকিলে কর্তৃপক্ষ উক্তরূপ অনুমতি প্রদান করিতে পারিবে।

(খ) খাদ্যের লেবেলে স্বাস্থ্যসম্মত জীবনাচার এবং সুষম ও বৈচিত্র্যপূর্ণ খাদ্যের সম্পর্কের গুরুত্ব বিষয়ে একটি বিবৃতি থাকিবে;

(গ) খাদ্যের লেবেলে মানবদেহে খাদ্যের বিবেচ্য পুষ্টি বা অন্যান্য উপাদানের শারীরবৃত্তিয় ভূমিকার তথ্য অথবা খাদ্যতালিকা ও স্বাস্থ্য সম্পর্কিত একটি গ্রহণযোগ্য বিবৃতি থাকিবে;

(ঘ) খাদ্যের দাবিকৃত সুফল কোনো নির্ধারিত উপাদানের উপস্থিতিজনিত কারণে হইলে এবং মানসম্পন্নভাবে দৈনিক খাদ্য চাহিদা পূরণে ভূমিকা রাখিলে, বিবেচ্য খাদ্যটি-

(অ) অধিকহারে গ্রহণের সুপারিশযোগ্য হইবে যদি সারণি-১ এ বর্ণিত শর্তানুসারে তাহা একটি যথার্থ উৎস হইতে আসে বা উচ্চ উপাদানসমৃদ্ধ হয়; অথবা

(আ) কম পরিমাণে গ্রহণের সুপারিশযোগ্য হইবে যদি সারণি-১ এ বর্ণিত শর্তানুসারে তাহা স্বল্পমাত্রার বা হ্রাসকৃত উপাদানসমৃদ্ধ বা উপাদান বর্জিত হয়;

(ঙ) খাদ্যে পুষ্টি বা অন্যান্য উপাদানের পরিমাণ সংক্রান্ত দাবি, ‘প্রতি ১০০ গ্রাম’ বা ‘১০০ মি: লি:’ অথবা ‘প্রতি প্যাকে’ (একক গ্রহণীয় প্যাক) এইরূপ ভাষায় বিবৃত হইবে;

(চ) খাদ্যে বিরূপ প্রতিক্রিয়ার ঝুঁকি থাকিলে সংশ্লিষ্ট ঝুঁকিপূর্ণ ভোগকারীদের খাদ্য গ্রহণ বা বর্জনের পরামর্শ প্রদান করিতে হইবে;

(ছ) প্রযোজ্য ক্ষেত্রে খাদ্য অথবা উহার কোনো উপাদান গ্রহণের বা ভোগের নিরাপদ মাত্রা বা পরিমাণ সম্পর্কিত সতর্কীকরণ বিবৃতি থাকিবে।

(২) ভোজ্য তেলের পুষ্টি সংক্রান্ত দাবি প্রকাশের ক্ষেত্রে সারণি-৪ এ বর্ণিত নির্দেশনার পাশাপাশি ভোজ্যতেলে ভিটামিন ‘এ’ সমৃদ্ধকরণ আইন, ২০১৩ (২০১৩ সনের ৬৫ নং আইন) অনুসরণ করিতে হইবে।

(৩) সারণি-৩ এ বর্ণিত শর্তাবলি অনুসৃত না হইলে, ‘রোগের ঝুঁকি হ্রাস করিবে না’ শীর্ষক দাবি যোগ করিতে হইবে।

(৫) সারণি-৫ এ বর্ণিত শর্তাবলি অনুসরণ করিয়া কোনো খাদ্য কৃত্রিমভাবে বিশেষ কোনো পুষ্টি উপাদানে সমৃদ্ধ মর্মে দাবি করা যাইবে।

(৬) কোনো খাদ্যকে “স্বাস্থ্যকর” হিসাবে বর্ণনা করা যাইবে না বা এইরূপে উপস্থাপন করা যাইবে না যাহাতে খাদ্যটি সুস্বাস্থ্য নিশ্চিত করে মর্মে ভুল বার্তা প্রদান করে।

(৭) খাদ্যের এক বা একাধিক উপাদানের ভিত্তিতে কোনো খাদ্যকে স্বাস্থ্যসম্মত বা সুষম খাদ্য হিসাবে বর্ণনা করা যাইবে না অথবা এমনভাবে বর্ণনা করা যাইবে না যাহা স্বাস্থ্যসম্মত বা সুষম খাদ্যের অংশ হিসাবে ভুল বার্তা প্রদান করে।



সাবিয়া ২৯/১২/২২
সাবিয়া খাতুন
সহকারী সচিব (ড্রাফটিং)
... বিচার ও সংসদ বিষয়ক বিভাগ
... ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

১০। **নিষিদ্ধ দাবি।-** খাদ্য সম্পর্কিত নিম্নবর্ণিত দাবিসমূহ নিষিদ্ধ দাবি হিসাবে গণ্য হইবে, যথা:-

(ক) আইনের অধীন প্রণীত অন্য কোনো বিধি-প্রবিধান বা কোডেক্স এলিমেন্টারিয়াসের গাইডলাইন অনুসরণ ব্যতীত কোনো খাদ্য কোনো রোগ, ব্যাধি বা বিশেষ শারীরিক অবস্থার প্রতিরোধ, উপশম, চিকিৎসা বা নিরাময়ে ব্যবহারের জন্য উপযুক্ত মর্মে দাবি;

(খ) কোনো খাদ্যের মোড়ক বা প্যাকেজের লেবেলে, খাদ্যটি ‘চিকিৎসক, পুষ্টিবিদ বা খাদ্য সম্পর্কিত কোনো বিশেষজ্ঞ কর্তৃক অনুমোদিত, সুপারিশকৃত বা চিকিৎসার উদ্দেশ্যে অনুমোদিত মর্মে দাবি;

(গ) খাদ্য প্রক্রিয়াকরণের সময় কোনো পুষ্টি উপাদান নষ্ট বা অপসারণ করা হইলে এবং পরবর্তিতে ক্ষতিপূরণ হিসাবে খাদ্যে পুনরায় যোগ করা হইলে উহা ‘সংযোজিত পুষ্টি’ হিসাবে দাবি ;

(ঘ) আইনের অধীন প্রণীত অন্য কোনো বিধি বা প্রবিধান অনুসরণ ব্যতীত খাদ্যে বিশেষ পথ্য বা বিশেষ চিকিৎসায় ব্যবহারযোগ্য মর্মে কোনোরূপ দাবি;

(ঙ) একই বা অনুরূপ খাদ্যের নিরাপদতার বিষয়ে ভোক্তাদের মনে কোনোরূপ সন্দেহ, দ্বিধা বা ভীতি সৃষ্টিকারী দাবি;

(চ) যদি কোনো খাদ্যে উপস্থিত পুষ্টি বা অন্য কোনো উপাদানের পরিমাণ রোগের ঝুঁকি বৃদ্ধি করে বা স্বাস্থ্যের জন্য ঝুঁকি সৃষ্টিকারী হয় সে ক্ষেত্রে উক্ত খাদ্যকে স্বাস্থ্যকর দাবি;

(ছ) কোনো খাদ্য ব্যবসায়ী কর্তৃক স্বীয় পণ্যের প্রসারের নিমিত্ত অন্য ব্যবসায়ীর বাজারজাতকৃত খাদ্যের বিরুদ্ধে বিরূপ দাবি;

(জ) সুষম এবং বৈচিত্র্যপূর্ণ খাদ্য পর্যাপ্ত পরিমাণে সকল ধরনের পুষ্টি সরবরাহ নিশ্চিত করিতে পারে না মর্মে দাবি;

(ঝ) এমন কোনো দাবি যা প্রমাণ করা যাইবে না।

**ব্যাখ্যা:-‘কোডেক্স এলিমেন্টারিয়াস’** অর্থ জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক গঠিত কোডেক্স এলিমেন্টারিয়াস কমিশন কর্তৃক খাদ্য, খাদ্য উৎপাদন ও নিরাপদ খাদ্য বিষয়ক নির্ধারিত বা স্বীকৃত মান, ব্যবহার বিধি, নির্দেশনা এবং অন্যান্য সুপারিশ সম্বলিত সমন্বিত খাদ্য কোড;

১২। **স্বাস্থ্য সহায়ক দাবি বা রোগের ঝুঁকি হ্রাসকারী দাবি অনুমোদনের পদ্ধতি।-** (১) স্বাস্থ্য সহায়ক দাবি বা রোগের ঝুঁকি হ্রাসকারী দাবি করিতে হইলে কর্তৃপক্ষ বরারবর ফরম অনুযায়ী একটি আবেদনপত্র দাখিল করিতে হইবে।

(২) কর্তৃপক্ষ স্বয়ং বা কোনো এজেন্সি বা বিশেষজ্ঞ প্যানেলের মাধ্যমে উক্ত আবেদন প্রাথমিকভাবে যাচাই-বাছাই করিতে পারিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন উক্তরূপ যাচাই-বাছাই শেষে ত্রুটিযুক্ত আবেদনের বিষয়ে আবেদনকারীকে আবেদন গ্রহণের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে লিখিতভাবে অবহিত করিতে হইবে এবং আবেদনকারী নোটিশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কর্তৃপক্ষ কর্তৃক যাচিত তথ্য সরবরাহ করিবে।

(৪) আবেদনকারী উপ-প্রবিধান (৩) এর অধীন কর্তৃপক্ষ কর্তৃক যাচিত তথ্য সরবরাহ করিতে ব্যর্থ হইলে আবেদনটি প্রত্যাখ্যান করা যাইবে।

খাতুন

(৫) কর্তৃপক্ষ আবেদনকৃত দাবিটি যথেষ্ট পরীক্ষা-নিরীক্ষা শেষে অনুমোদন বা প্রত্যাখ্যান করিতে পারিবে অথবা সংশ্লিষ্ট দাবিটি সংশোধনের নির্দেশ দিতে পারিবে।

(৬) উপ-প্রবিধান (৫) এর অধীন দাবি অনুমোদন, প্রত্যাখ্যান বা সংশোধনের নির্দেশ আবেদনকারীকে আবেদন গ্রহণের তারিখ হইতে পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(৭) উপ-প্রবিধান (৫) এর অধীন সংশোধন বা প্রত্যাখ্যানের নির্দেশ দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তি উক্তরূপ নির্দেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পুনর্বিবেচনার জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবে এবং উহা পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তি করিয়া আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(৮) উপ-প্রবিধান (৪) বা উপ-প্রবিধান (৫) এর অধীন আবেদনকৃত দাবি প্রত্যাখ্যান করা হইলে আবেদনকারী প্রস্তাবিত খাদ্যের কোনো ধরনের বিজ্ঞাপনে উক্ত দাবি সংবলিত বিজ্ঞাপন প্রচার করিতে পারিবে না।

১৩। **বিজ্ঞাপন বিষয়ক অভিযোগ নিষ্পত্তি।—** (১) মিথ্যা বা বিভ্রান্তিমূলক বিজ্ঞাপন বিষয়ক অভিযোগের ক্ষেত্রে কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে এবং এই ধরনের বিজ্ঞাপন নিরূপণ করিবার জন্য কর্তৃপক্ষ স্বয়ং বা কোনো এজেন্সি বা বিশেষজ্ঞ প্যানেলের মাধ্যমে নিষ্পত্তি করিতে পারিবে।

(২) কর্তৃপক্ষ বা নিয়োগকৃত এজেন্সি বা বিশেষজ্ঞ প্যানেল তর্কিত বিজ্ঞাপন বিষয়ে সংশ্লিষ্ট খাদ্য ব্যবসায়ীকে প্রয়োজনীয় তথ্য সরবরাহের নির্দেশ প্রদান করিতে পারিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন নির্দেশ প্রাপ্তির ৩০ দিনের মধ্যে সংশ্লিষ্ট খাদ্য ব্যবসায়ী যাচিত তথ্য সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

(৪) প্রাপ্ত তথ্য যাচাই বাছাই অন্তে কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কর্মকর্তা অভিযোগ প্রাপ্তির ৯০ (নব্বই) দিনের মধ্যে অভিযোগটি নিষ্পত্তি করিবেন।

(৫) অভিযোগকৃত বিজ্ঞাপন যাচাই বাছাই অন্তে প্রযোজ্যক্ষেত্রে কর্তৃপক্ষ বিজ্ঞাপনটি সংশোধনের নির্দেশ প্রদান করিতে পারিবে এবং এইরূপ নির্দেশ প্রাপ্তির ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট খাদ্য ব্যবসায়ী বিজ্ঞাপনটি সংশোধন করিবে।

(৬) কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক সংশ্লিষ্ট খাদ্য ব্যবসায়ী সংশোধনে ব্যর্থ হইলে বিজ্ঞাপনটি প্রচার করা যাইবে না।

১৪। **এই প্রবিধানমালা লঙ্ঘন করিবার দণ্ড।—** এই প্রবিধানমালার কোনো বিধান লঙ্ঘন আইনের ধারা ৪১ ও ৪২ এর লঙ্ঘন বলিয়া গণ্য হইবে এবং আইনের ধারা ৫৮, ৫৯ বা ৬০ এর বিধান অনুযায়ী দণ্ড আরোপিত হইবে।

১৫। **বিজ্ঞাপন প্রচার বন্ধ ও সংশোধন।—** এই প্রবিধানমালা লঙ্ঘন করিয়া কোনো বিজ্ঞাপন প্রচার করা হইলে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট খাদ্য ব্যবসায়ী অথবা বিজ্ঞাপনদাতাকে তাৎক্ষণিকভাবে উক্ত বিজ্ঞাপন প্রচার বন্ধ করিতে এবং পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রচারিত বিজ্ঞাপনের কুপ্রভাব দূরীভূত করিবার জন্য যে মাধ্যমে বিজ্ঞাপনটি প্রচার করা হইয়াছিল সেই একই মাধ্যমে সংশোধিত বিজ্ঞাপন প্রচারের নির্দেশনা প্রদান করিতে পারিবে।



আবিয়া খাতুন
সহকারী সচিব (ড্রাফটিং)
আইন ও সংসদ বিষয়ক বিভাগ
২/১২/২২

১৬। **ইংরেজি অনুবাদ প্রকাশ।**– (১) এই প্রবিধানমালা কার্যকর হইবার পর কর্তৃপক্ষ, প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদক্রমে সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই প্রবিধানমালার ইংরেজিতে অনূদিত একটি নিভর্রযোগ্য পাঠ প্রকাশ করিতে পারিবে:

(২) বাংলা পাঠ ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**সারণি-১**

[প্রবিধান ৫ এর উপ-প্রবিধান (১), উপ-প্রবিধান (২) (গ), প্রবিধান ৯ এর
উপ-প্রবিধান (১) (ক), উপ-প্রবিধান (ঘ) (অ), দ্রষ্টব্য]

**পুষ্টি দাবি**

**নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ**

| ক্রম | পুষ্টি/উপাদান | দাবি | শর্ত |
|---|---|---|---|
| ১। | শক্তি/ক্যালোরি (Energy/ Calorie) | নিম্নমাত্রা (Low) | শক্ত বা কঠিন খাদ্যের প্রতি ১০০ গ্রামের জন্য ৪০ কিলো ক্যালোরির বেশি নহে এবং তরল খাদ্যের প্রতি ১০০ মি: লি: এর জন্য ২০ কিলো ক্যালোরির বেশি নহে। |
| | | মুক্ত বা অনুপস্থিত (Free) | তরল খাদ্যের প্রতি ১০০ মি: লি: এর জন্য ৪ কিলো ক্যালোরির বেশি নহে। |
| ২। | চর্বি (Fat) | নিম্নমাত্রা (Low) | প্রতি ১০০ গ্রাম শক্ত বা কঠিন খাদ্যে, চর্বি ৩ গ্রাম এর বেশি নহে এবং প্রতি ১০০ মি: লি: তরল খাদ্যে চর্বি ১.৫ গ্রাম এর বেশি নহে। |
| | | মুক্ত (Free) | প্রতি ১০০ গ্রাম শক্ত বা কঠিন বা প্রতি ১০০ মি: লি: তরল খাদ্যে চর্বি ০.৫ গ্রাম এর বেশি নহে। |
| ৩। | কোলেস্টেরল (Cholesterol) | নিম্নমাত্রা (Low) | প্রতি ১০০ গ্রাম শক্ত বা কঠিন খাদ্যে Cholesterol ২০ মি: গ্রা: এবং সম্পৃক্ত চর্বি (saturated fat) ১.৫ গ্রাম এর কম এবং প্রতি ১০০ মি: লি: তরল খাদ্যের ক্ষেত্রে Cholesterol ১০ মি: গ্রা: ও সম্পৃক্ত চর্বি (saturated fat) সর্বোচ্চ ০.৭৫ গ্রাম এবং সম্পৃক্ত চর্বি (saturated fat) থেকে energy এর প্রাপ্যতা সর্বোচ্চ ১০%। |
| | | মুক্ত (Free) | প্রতি ১০০ গ্রাম শক্ত বা কঠিন বা তরল উভয় ধরনের খাদ্যে Cholesterol সর্বোচ্চ ০৫ মি: গ্রা:। এছাড়াও সংশ্লিষ্ট প্রতি ১০০ গ্রাম শক্ত খাদ্যে সম্পৃক্ত চর্বি (saturated fat) ১.৫ গ্রাম এর কম ও প্রতি ১০০ মি: লি: তরল খাদ্যের ক্ষেত্রে ০.৭৫ মি: গ্রা: এর কম এবং সম্পৃক্ত চর্বি (saturated fat) থেকে energy এর প্রাপ্যতা সর্বোচ্চ ১০%। |
| ৪। | সম্পৃক্ত চর্বি (Saturated fat) | নিম্নমাত্রা (Low) | প্রতি ১০০ গ্রাম শক্ত বা কঠিন খাদ্যে সম্পৃক্ত চর্বি (saturated fat) ১.৫ গ্রাম এবং প্রতি ১০০ মি: লি: তরল খাদ্যের ক্ষেত্রে ০.৭৫ মি: গ্রা: এর বেশি নহে। উভয় ক্ষেত্রে saturated fat হইতে energy এর প্রাপ্যতা ১০% এর বেশি হইতে পারিবে না। |
| | | মুক্ত (Free) | প্রতি ১০০ গ্রাম শক্ত বা কঠিন বা প্রতি ১০০ মি:লি: তরল খাদ্যে সম্পৃক্ত চর্বি (saturated fat.) ০.১ গ্রাম এর বেশি হইতে পারিবে না। |
| ৫। | অসম্পৃক্ত চর্বি (Unsaturated fat) | উচ্চমাত্রা (High) | পণ্যের কমপক্ষে ৭০% ফ্যাটি অ্যাসিড সম্পৃক্ত চর্বি (saturated fat) থেকে উদ্ভূত এই শর্তে যে অসম্পৃক্ত চর্বি (Unsaturated fat) পণ্যের ২০% এরও বেশি শক্তি সরবরাহ করে। |
| ৬। | ট্রান্সফ্যাট (Trans fat) | মুক্ত (Free) | প্রতি ১০০ গ্রাম বা ১০০ মি: লি: খাদ্যে ট্রান্স-ফ্যাট এর পরিমাণ ০.২ গ্রাম। |



মাবিয়া খাতুন
সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং)

| | | | |
|---|---|---|---|
| ৭। | Mono-unsaturated fatty acids (MUFA) | উচ্চমাত্রা (High in MUFA) | শুধুমাত্র তখনই তৈরি করা হইবে যেখানে পণ্যের মোট ফ্যাটি অ্যাসিডের কমপক্ষে ৪৫% মনো-আনস্যাচুরেটেড ফ্যাট (Mono-unsaturated fat) থেকে উৎপন্ন হয় এবং ইহা তখনই সম্ভব যখন মনো-আনস্যাচুরেটেড ফ্যাট (Mono-unsaturated fat) পণ্যের ২০% এর বেশি শক্তি যোগান দিতে পারে। |
| ৮। | Poly-unsaturated fatty acids (PUFA) | উচ্চমাত্রা (High in PUFA) | শুধুমাত্র তখনই তৈরি করা হইবে যেখানে পণ্যের মোট ফ্যাটি অ্যাসিডের কমপক্ষে ৪৫% পলি-আনস্যাচুরেটেড ফ্যাট (Poly-unsaturated fat) থেকে উৎপন্ন হয় এবং ইহা তখনই সম্ভব যখন পলি-আনস্যাচুরেটেড ফ্যাট (Poly-unsaturated fat) পণ্যের ২০% এর বেশি শক্তি যোগান দিতে পারে। |
| ৯। | ওমেগা-৩ ফ্যাটি এসিড (Omega 3 fatty acids) | উৎস (Source) | কমপক্ষে প্রতি ১০০ গ্রাম বা ১০০ কিলো ক্যালোরি খাদ্যে ০.৩ গ্রাম আলফা-লিনোলেনিক এসিড (alpha-linolenic acid), অথবা; কমপক্ষে প্রতি ১০০ গ্রাম বা ১০০ কি: ক্যালোরি খাদ্যে ৪০ মিলিগ্রাম ইকোসাপেনটানোয়িক এসিড (eicosapentaenoic acid, EPA) ও ডোকোসাহেক্সানোয়িক এসিড (docosahexaenoic acid, DHA)। |
| | | উচ্চ (High) | কমপক্ষে প্রতি ১০০ গ্রাম বা ১০০ কিলো ক্যালোরি খাদ্যে ০.৬ গ্রাম আলফা-লিনোলেনিক এসিড (alpha-linolenic acid), অথবা; কমপক্ষে প্রতি ১০০ গ্রাম বা ১০০ কিলো ক্যালোরি খাবারে ৮০ মিলিগ্রাম ইকোসাপেনটানোয়িক এসিড (eicosapentaenoic acid, EPA) ও ডোকোসাহেক্সানোয়িক এসিড (docosahexaenoic acid, DHA)। |
| ১০। | চিনি/শর্করা (Sugar) | নিম্নমাত্রা (Low) | প্রতি ১০০ গ্রাম কঠিন খাদ্যে ০৫ গ্রাম বা ১০০ মি: লি: তরল খাবারে ২.৫ গ্রাম গ্রামের বেশি চিনি থাকিতে পারিবে না। |
| | | মুক্ত (Free) | প্রতি ১০০ গ্রাম কঠিন খাদ্যে বা ১০০ মি: লি: তরল খাদ্যে ০.৫ গ্রাম এর বেশি চিনি থাকিতে পারিবে না। |
| ১১। | আমিষ (Protein) | উৎস (Source) | দৈনিক খাদ্য চাহিদার (RDA) প্রতি ১০০ গ্রাম কঠিন খাদ্যের জন্য ১০%, দৈনিক খাদ্য চাহিদার (RDA) প্রতি ১০০মি: লি: তরল খাবারের জন্য ৫%, দৈনিক খাদ্য চাহিদার (RDA) প্রতি ১০০ কিলো ক্যালোরির জন্য ৫% আমিষ। |
| | | সমৃদ্ধ/ উচ্চ (Rich/ High) | দৈনিক খাদ্য চাহিদার (RDA) প্রতি ১০০ গ্রাম কঠিন খাদ্যের জন্য ২০%, দৈনিক খাদ্য চাহিদার (RDA) প্রতি ১০০ মি: লি: তরল খাবারের জন্য ১০০%, প্রত্যায়িত দৈনিক খাদ্য চাহিদার (RDA) প্রতি ১০০ কিলো ক্যালোরির জন্য ১০% আমিষ। |
| ১২। | ভিটামিন বা খনিজ [Vitamin(s) and/or Mineral(s)] | উৎস (Source) | দৈনিক খাদ্য চাহিদার (RDA) প্রতি ১০০ গ্রাম কঠিন খাদ্যে কমপক্ষে ১৫% অথবা ১০০মি: লি: তরল খাদ্যে কমপক্ষে ৭.৫% ভিটামিন বা খনিজ। |
| | | উচ্চমাত্রা (High) | দৈনিক খাদ্য চাহিদার (RDA) প্রতি ১০০ গ্রাম কঠিন খাদ্যে কমপক্ষে ৩০% অথবা ১০০মি: লি: তরল খাদ্যে কমপক্ষে ১৫% ভিটামিন বা খনিজ। |
| ১৩। | সোডিয়াম (Sodium) | নিম্নমাত্রা (Low) | প্রতি ১০০ গ্রাম কঠিন খাদ্যে বা ১০০ মি: লি: তরল খাদ্যে ০.১২ গ্রামের বেশি সোডিয়াম থাকিতে পারিবে না । |
| | | অত্যন্ত নিম্নমাত্রা (very low) | প্রতি ১০০ গ্রাম কঠিন বা ১০০ মি: লি: তরল খাদ্যে ০.০৪ গ্রামের বেশি সোডিয়াম থাকিতে পারিবে না। |
| | | সোডিয়াম মুক্ত (Free) | প্রতি ১০০ গ্রাম কঠিন বা ১০০ মি: লি: তরল খাদ্যে ০.০০৫ গ্রামের বেশি সোডিয়াম থাকিতে পারিবে না। |
| ১৪। | আঁশযুক্ত পথ্য (Dietary fibre) | উৎস (Source) | দাবিকৃত খাদ্যে প্রতি ১০০ গ্রামের জন্য কমপক্ষে ৩ গ্রাম, প্রতি ১০০ কিলোক্যালরি অথবা ১০০ মিঃ লিঃ এর জন্য কমপক্ষে ১.৫ গ্রাম। |
| | | উচ্চ বা নিম্ন মাত্রা | দাবিকৃত খাদ্যের প্রতি ১০০ গ্রামের জন্য কমপক্ষে ৬ গ্রাম, প্রতি ১০০ কিলো ক্যালোরির জন্য ০৩ গ্রাম। |
| ১৫। | প্রো-বায়োটিক (Probiotics) | উৎস (Source) | দৈনিক খাদ্যে (Recommended serving size per day) $\geq 10^8$ CFU (Colony Forming Unit) প্রো-বায়োটিক সুপারিশকৃত। |



স্বাক্ষর ২৭/১২/২২
মাহিয়া খাতুন
সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং)
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

| | | | |
|---|---|---|---|
| ১৬। | গ্লাইসেমিক ইনডেক্স (GI) | নিম্ন | GI* এর মান ৫৫ এর নিচে।<br>একটি খাবারের GI নির্দেশ করে, যে হারে একটি খাবারের কার্বোহাইড্রেট ভেঙে গ্লুকোজে পরিণত হয় ও অন্ত্র দ্বারা রক্তে শোষিত হয় এবং একে প্রকাশ করা হয় একই পরিমাণ একটি আদর্শ খাবার যেমন সাদা রুটি খেলে যে প্রতিক্রিয়া হয় তার শতাংশরূপে। |
| ১৭। | লেক্টোজ (Lactose) | মুক্ত | খাবারের মধ্যে লেক্টোজ (Lactose) এর পরিমাণ ০.১% এর বেশি নয়। |
| ১৮। | গ্লুটেন (Gluten) | মুক্ত | খাবারের মধ্যে গ্লুটেন (Gluten) এর পরিমাণ প্রতি কেজি-তে ২০ মিলিগ্রাম এর বেশি নয়। |

**সারণি-২**

[প্রবিধান ৫ এর উপ-প্রবিধান (১), প্রবিধান ৯ এর উপ-প্রবিধান (১)(ক) দ্রষ্টব্য]

**দাবি প্রকাশে ব্যবহৃত সমার্থক শব্দ**

**নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ**

| মুক্ত/অনুপস্থিত (Free) | নিম্নমাত্রা (Low) | হ্রাসকৃত (Reduced/ Less) | উচ্চমাত্রা (High) | উৎস (Source) |
|---|---|---|---|---|
| শুন্য (Zero),<br>নাই (No),<br>ব্যতীত (Without),<br>নগণ্য উৎস (Negligible Source) | ক্ষুদ্র (Little),<br>অল্পসংখ্যক/ অল্প (few (for calories),<br>অল্প পরিমাণে (contains a small amount of),<br>দূর্বল উৎস (Low source of),<br>হালকা (Lite) | নিম্নতম (Lower),<br>অত্যল্প (fewer) (for calories) | অধিক (Higher),<br>বর্ধিত (Increased),<br>অধিক (More),<br>প্রাচুর্য (Rich),<br>বর্ধিত (Enhanced) | যোগান দেয়া (Provides),<br>ধারণ(Contains) |

মাবিয়া
২৯/১২/২২
মাবিয়া খাতুন
সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং)
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

| সারণি-৩<br>[প্রবিধান ৯ এর উপ-প্রবিধান (১) (ক), প্রবিধান ৯ এর উপ-প্রবিধান (৩) দ্রষ্টব্য]<br>**স্বাস্থ্য সহায়ক দাবি**<br>**নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ** | | | |
|---|---|---|---|
| **ক্রম** | **পুষ্টি/খাদ্য ও স্বাস্থ্য সম্পর্ক (Nutrient/Food-Health Relationship)** | **দাবির শর্ত (Conditions for claim)** | **দাবির বর্ণনা (Statement of Claim)** |
| ১। | ক্যালসিয়াম অথবা ক্যালসিয়াম এবং ভিটামিন-ডি এবং অস্টিওপরোসিস (Calcium or Calcium and Vitamin-D and osteoporosis) | • যে সকল খাদ্য ক্যালসিয়াম অথবা ক্যালসিয়াম ও ভিটামিন-ডি এর অন্যতম উৎস।<br>• দৈনিক খাদ্য চাহিদায় খাবারে এই ধরনের পুষ্টি উপাদানের উপস্থিতির সুফল বিষয়ে বিবৃতি। | জীবনব্যাপী প্রতিদিনের খাদ্য তালিকায় পর্যাপ্ত ক্যালসিয়াম অথবা ক্যালসিয়াম ও ভিটামিন-ডি যুক্ত খাদ্য শরীরের হাঁড় মজবুত করে ও osteoporosis এর ঝুঁকি হ্রাস করে । |
| ২। | সোডিয়াম এবং উচ্চরক্তচাপ (Sodium and Hypertension) | • যখন খাবারে, নিম্নমাত্রার (০.১২ গ্রাম) সোডিয়াম (প্রতি ১০০ গ্রাম বা ১০০ মি: লি: এ ০.১২ গ্রাম)।<br>• খাদ্য তালিকায় নিম্নমাত্রায় সোডিয়াম উপস্থিতির সুফল বিষয়ে বিবৃতি। | প্রতিদিনের খাদ্য তালিকায় নিম্নমাত্রার সোডিয়ামযুক্ত খাবারের উপস্থিতি উচ্চ রক্তচাপের ঝুঁকি নিয়ন্ত্রণ করে। |
| ৩। | সম্পৃক্ত চর্বিযুক্ত খাদ্য (Dietary saturated fat and blood cholesterol level) | • যদি খাদ্যটি নিম্নমাত্রার সম্পৃক্ত (saturated) চর্বিযুক্ত হয়।<br>• এই ক্ষেত্রে নিম্নমাত্রার চর্বি গ্রহণ, সম্পৃক্ত চর্বি ও ব্যায়াম এর সুফল সংক্রান্ত বিবৃতি থাকিতে হইবে। | খাদ্য তালিকায় নিম্নমাত্রার সম্পৃক্ত (saturated) চর্বিযুক্ত খাদ্য এর উপস্থিতি রক্তের cholesterol এর মাত্রাকে স্বাভাবিক রাখে। |
| ৪। | পটাসিয়াম এবং উচ্চ রক্তচাপ (Potassium and risk of high blood Pressure) | যখন খাদ্যটি:<br>• পটাসিয়াম সমৃদ্ধ এবং<br>• নিম্নাত্রার সোডিয়াম,ও<br>• নিম্নমাত্রার চর্বি ও সম্পৃক্ত (saturated) চর্বিযুক্ত হয় । | প্রতিদিনের খাদ্য তালিকায় পটাসিয়াম সমৃদ্ধ কিন্তু নিম্নমাত্রার সোডিয়াম, চর্বি ও সম্পৃক্ত (saturated) চর্বিযুক্ত খাবারের উপস্থিতি উচ্চ রক্তচাপের ঝুঁকি নিয়ন্ত্রণ করে । |
| ৫। | আলফা লিনোলিক এসিড এবং রক্তে কোলেস্টেরলের মাত্রা (Alpha –linolenic acid (ALA) and blood cholesterol level) | • প্রতি ১০০ গ্রাম বা ১০০ মি: লি: বা ১০০ কিলো ক্যালোরি খাবারে কমপক্ষে ০১ গ্রাম omega-3 fatty acids থাকিতে হইবে।<br>• প্রতিদিনের খাদ্য তালিকায় দৈনিক ০২ গ্রাম Alpha-linolenic acid (ALA) গ্রহণের সুফল বিষয়ে একটি বিবৃতি থাকিতে হইবে। | Alpha-linolenic acid (ALA) রক্তের cholesterol এর মাত্রাকে স্বাভাবিক রাখে। |
| ৬। | দ্রবীভূত আঁশযুক্ত খাদ্য ও লিপিড প্রোফাইল (Soluble Dietary Fibre and lipid Profile) | • ওটস, বার্লি, মিলেট ইত্যাদি বা এদের মিশ্রণে উৎপাদিত খাবারে soluble dietary fibre এর উপস্থিতি পাওয়া যায় ।<br>• প্রতিবার আহারে কমপক্ষে ০১ গ্রাম Soluble Dietary Fibre।<br>▪ প্রতিদিনের খাদ্য তালিকায় দৈনিক ০৩ গ্রাম Soluble Dietary Fibre গ্রহণের সুফল | খাবারে Soluble Dietary Fibre এর উপস্থিতি lipid profile কে স্বাভাবিক করে। |

মাবিয়া খাতুন
সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং)

| | | | |
|---|---|---|---|
| | | বিষয়ে একটি বিবৃতি থাকিতে হইবে। | |
| ৭। | ফাইটোস্টেরল বা স্টেনল এবং লিপিড প্রোফাইল (Phytosterol or stanol and lipid profile) | Phytosterol or stanol যুক্ত খাদ্য। প্রতিবার আহারে কমপক্ষে ০১ গ্রাম Plant sterols or stanols। <br>• প্রতিদিনের খাদ্য তালিকায় দৈনিক ০৩ গ্রাম Plant sterols or stanols গ্রহণের সুফল বিষয়ে একটি বিবৃতি থাকিতে হইবে। | প্রতিদিনের খাদ্য তালিকায় দৈনিক সর্বোচ্চ ০৩ গ্রাম plant sterols or stanols যুক্ত খাদ্য lipid profile বৃদ্ধি করে। |
| ৮। | বেটা-গ্লুকেন ওটস বার্লি এবং রক্তের গ্লুকোজ (Beta-glucans oats, barley) and blood glucose) | • Oats and/or barley যুক্ত খাবারে যখন প্রতি ৩০ গ্রাম কার্বোহাইড্রেটে কমপক্ষে ০৪ গ্রাম বিটা-গ্লুকেন পাওয়া যায়। <br>• প্রতিদিনের খাদ্য তালিকায় Beta-glucans গ্রহণের সুফল বিষয়ে একটি বিবৃতি থাকিতে হইবে। | খাদ্য হিসাবে ওটস বা বার্লি গ্রহণ করিলে ইহাতে উপস্থিত Beta-glucans রক্তে গ্লুকোজের বৃদ্ধির হার হ্রাস করিতে সাহায্য করে। |

স্বাক্ষর ২৯/১২/২২
মাবিয়া খাতুন
সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং)
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

**সারণি -৪**

[প্রবিধান ৯ এর উপ-প্রবিধান (১) (ক), প্রবিধান ৯ এর উপ-প্রবিধান (২) দ্রষ্টব্য]

**ভোজ্য তেল সংক্রান্ত দাবি**
**নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ**

| ক্রম | ভোজ্য তেল | দাবি |
|---|---|---|
| ১। | নারিকেল তেল | ▪ সহজেই বিপাকযোগ্য মাঝারি চেইন ফ্যাটি অ্যাসিড সমৃদ্ধ। |
| ২। | সয়াবিন তেল | • যথাযথ অনুপাতে ওমেগা-৬ পলি-আনস্যাচুরেটেড ফ্যাটি এসিড (Omega-6 PUFA, linolenic acid) এবং ওমেগা-৩ পলি-আনস্যাচুরেটেড ফ্যাটি এসিড (Omega-3 PUFA, Alpha linolenic acid) সমৃদ্ধ।<br>• লিনোলেনিক অ্যাসিড একটি অপরিহার্য ফ্যাটি অ্যাসিড যা রক্তে কোলেস্টেরলের মাত্রা স্বাভাবিক রাখতে সাহায্য করে;<br>• আলফা লিনোলেনিক অ্যাসিড একটি অপরিহার্য ফ্যাটি অ্যাসিড যা রক্তে কোলেস্টেরলের মাত্রা স্বাভাবিক রাখতে সাহায্য করে;<br>• টোকোফেরলসমৃদ্ধ যা প্রাকৃতিক অ্যান্টিঅক্সিডেন্ট। |
| ৩। | সরিষার তেল | • ওমেগা-৩ পলি-আনস্যাচুরেটেড ফ্যাটি এসিড সমৃদ্ধ;<br>• আলফা লিনোলেনিক অ্যাসিড একটি অপরিহার্য ফ্যাটি অ্যাসিড যা রক্তে কোলেস্টেরলের মাত্রা স্বাভাবিক রাখতে সাহায্য করে;<br>• টোকোফেরলসমৃদ্ধ যা প্রাকৃতিক অ্যান্টিঅক্সিডেন্ট। |
| ৪। | তুলাবীজ তেল | • ওমেগা-৬ পলি-আনস্যাচুরেটেড ফ্যাটি এসিড (ওমেগা-৬, লিনোলিক এসিড) সমৃদ্ধ;<br>• লিনোলিক এসিড একটি অপরিহার্য ফ্যাটি অ্যাসিড যা রক্তে কোলেস্টেরলের মাত্রা স্বাভাবিক রাখতে সাহায্য করে;<br>• টোকোফেরলসমৃদ্ধ যা প্রাকৃতিক অ্যান্টিঅক্সিডেন্ট। |
| ৫। | চিনাবাদাম তেল | • মনো-আনস্যাচুরেটেড ফ্যাটি এসিড ও ওমেগা-৬ পলি-আনস্যাচুরেটেড ফ্যাটি এসিড সমৃদ্ধ যা রক্তে কোলেস্টেরলের মাত্রা নিম্নমুখি রাখতে সাহায্য করে;<br>• টোকোফেরলসমৃদ্ধ যা প্রাকৃতিক অ্যান্টিঅক্সিডেন্ট। |
| ৬। | তিসির তেল | • ওমেগা-৩ পলি-আনস্যাচুরেটেড ফ্যাটি এসিড সমৃদ্ধ (ওমেগা-৩,আলফা লিনোলেনিক এসিড);<br>• আলফা লিনোলেনিক অ্যাসিড একটি অপরিহার্য ফ্যাটি অ্যাসিড যা রক্তে কোলেস্টেরলের মাত্রা স্বাভাবিক রাখতে সাহায্য করে । |
| ৭। | কর্নওয়েল | ▪ ওমেগা-৬ পলি-আনস্যাচুরেটেড ফ্যাটি এসিড সমৃদ্ধ (ওমেগা-৬, লিনোলেনিক এসিড)<br>▪ লিনোলেনিক এসিড একটি অপরিহার্য ফ্যাটি অ্যাসিড যা রক্তে কোলেস্টেরলের মাত্রা স্বাভাবিক রাখতে সাহায্য করে। |
| ৮। | অলিভ অয়েল | • মনো-আনস্যাচুরেটেড ফ্যাটি এসিড সমৃদ্ধ যা রক্তে কোলেস্টেরলের মাত্রা স্বাভাবিক রাখতে সাহায্য করে।<br>• পলিফেনলসমৃদ্ধ যা প্রাকৃতিক অ্যান্টিঅক্সিডেন্ট। |
| ৯। | কুসুমফুল তেল | • ওমেগা-৬ পলি-আনস্যাচুরেটেড ফ্যাটি এসিড সমৃদ্ধ (ওমেগা-৬, লিনোলেনিক এসিড)। |



মাবিয়া খাতুন
সহকারী সচিব (ড্রাফটিং)
সংসদ বিষয়ক বিভাগ
সংসদ বিষয়ক মন্ত্রণালয়

| | | |
|---|---|---|
| | | • লিনোলেনিক অ্যাসিড একটি অপরিহার্য ফ্যাটি অ্যাসিড যা রক্তে কোলেস্টেরলের মাত্রা স্বাভাবিক রাখতে সাহায্য করে। |
| ১০। | পাম কার্নেল তেল | • সহজেই বিপাকযোগ্য মাঝারি চেইন ফ্যাটি অ্যাসিডযুক্ত |
| ১১। | ধান তুষের তেল | • মনো-আনস্যাচুরেটেড ফ্যাটিএসিড, ওমেগা-৬ পলি আনস্যাচুরেটডে ফ্যাটি এসিড যা কোলেস্টেরলের মাত্রা নিম্নমুখী রাখতে সাহায্য করে;<br>• ওরাইজানল, টোকোট্রিনোলস ও টোকোফেরল সমৃদ্ধ যা প্রাকৃতিক অ্যান্টিঅক্সিডেন্ট। |
| ১২। | পামোলিন তেল | • টোকোফেরল ও টোকোট্রিনোল সমৃদ্ধ যা প্রাকৃতিক অ্যান্টিঅক্সিডেন্ট। |
| ১৩। | তিলের তেল | • সমানুপাতিক হারে মনো-আনস্যাচুরেটেড ফ্যাটিএসিড (ওলিক এসিড), ওমেগা-৬ পলি-আনস্যাচুরেটেড ফ্যাটি এসিড (ওমেগা-৬ ও লিনোলেনিক এসিড) যা কোলেস্টেরলের মাত্রা নিম্নমুখী রাখতে সাহায্য করে।<br>• লিগনেন্স সমৃদ্ধ যা প্রাকৃতিক অ্যান্টিঅক্সিডেন্ট।<br>• টোকোফেরলসমৃদ্ধ যা প্রাকৃতিক অ্যান্টিঅক্সিডেন্ট। |
| ১৪। | সূর্যমুখী তেল | • ওমেগা-৬ পলি-আনস্যাচুরেটেড ফ্যাটি এসিড সমৃদ্ধ;<br>• লিনোলেনিক অ্যাসিড একটি অপরিহার্য ফ্যাটি অ্যাসিড যা রক্তে কোলেস্টেরলের মাত্রা স্বাভাবিক রাখতে সাহায্য করে;<br>• টোকোফেরলসমৃদ্ধ যা প্রাকৃতিক অ্যান্টিঅক্সিডেন্ট। |

সাবিয়া ১৭/১১/২২

মাবিয়া খাতুন
সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং)
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

**সারণি-৫**

[প্রবিধান ৯ এর উপ-প্রবিধান (১) (ক), প্রবিধান ৯ এর উপ-প্রবিধান (৫) দ্রষ্টব্য]

**সমৃদ্ধ খাবারের (Fortified Food) স্বাস্থ্য সহায়ক দাবি**

**নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ**

| ক্রম | পুষ্টি | দাবি |
|---|---|---|
| ১। | ভিটামিন-এ (Vitamin A) | ভিটামিন-এ (Vitamin A) রাতকানা রোগ নিরাময়ে সহায়তা করে। |
| ২। | ভিটামিন-ডি (Vitamin D) | ভিটামিন-ডি (Vitamin D) হাড় মজবুতকরণে সহায়তা করে। |
| ৩। | ভিটামিন-বি-১২ (Vitamin B12) | ভিটামিন-বি-১২ (Vitamin B12) স্নায়ুতন্ত্রকে স্বাভাবিক রাখতে ও শরীরে রক্ত উৎপাদনে সহায়তা করে। |
| ৪। | ফলেট ও ফলিক এসিড (Folate & Folic acid) | ফলেট ও ফলিক এসিড (Folate & Folic acid) ভ্রূণের বিকাশ এবং রক্ত উৎপাদন ও গঠনের জন্য গুরুত্বপূর্ণ। |
| ৫। | লৌহ (Iron) | লৌহ (Iron) রক্তশূন্যতা প্রতিরোধ করে। |
| ৬। | আয়োডিন (Iodine) | শরীরের স্বাভাবিক বৃদ্ধি, থাইরয়েড এবং মস্তিষ্কের কার্যকারিতার জন্য আয়োডিন (Iodine) প্রয়োজন। |
| ৭। | দস্তা (Zinc) | দস্তা (Zinc) শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে। |
| ৮। | থায়ামিন (Thiamine) | থায়ামিন (Thiamine) শরীরের স্বাভাবিক স্নায়ু এবং হৃদযন্ত্রের স্বাভাবিক কাজের জন্য প্রয়োজন। |
| ৯। | রিবোফ্লাভিন (Riboflavin) | রিবোফ্লাভিন (Riboflavin) খাবারকে শক্তিতে পরিবর্তনে সহায়তা করে। |
| ১০। | নিয়াসিন (Niacin) | নিয়াসিন (Niacin) খাবারকে শক্তিতে পরিবর্তনে সহায়তা করে। |
| ১১। | পাইরিডক্সিন (Pyridoxine) | পাইরিডক্সিন (Pyridoxine) খাবারকে শক্তিতে পরিবর্তনে সহায়তা করে। |



মাবিয়া খাতুন
সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং)
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

**সারণি -৬**

[প্রবিধান ৪ এর উপ-প্রবিধান (ঘ), প্রবিধান ৯ এর উপ-প্রবিধান (১) (ক) দ্রষ্টব্য]

**বিশেষ কিছু শব্দের ব্যবহার সম্পর্কীয়**

**নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ**

| কলাম-২ এ বর্ণিত শর্ত সাপেক্ষে কলাম-১ এ বর্ণিত শব্দ বা শব্দসমূহ খাদ্যের বিজ্ঞাপন বা লেবেলে ব্যবহার করা যাইবে। | | |
|---|---|---|
| ক্রম | **কলাম-১** | **কলাম-২** |
| ১। | প্রাকৃতিক<br>(Natural) | 'প্রাকৃতিক' শব্দটি নিম্নোক্ত অর্থে ব্যবহৃত হইবে, যথা;<br>ক) একক খাদ্য যাহা একটি স্বীকৃত উৎস যেমন, উদ্ভিদ, প্রাণী, অণুজীব বা খনিজ থেকে প্রাপ্ত এবং যাহাতে কিছু সংযোজন করা হয় নাই এবং এমনভাবে প্রক্রিয়াজাত করা হইয়াছে যাহা শুধুমাত্র মানুষের ভোগের জন্য উপযুক্ত, যেমন:<br>(১) রাসায়নিক প্রয়োগ ব্যতিত ধূমায়িত প্রক্রিয়ায় রান্না বা রান্নার প্রক্রিয়া যেমন: ভাজা, blanching, শুষ্ককরণ, ভৌতভাবে বিশুদ্ধ করা, ইত্যাদি;<br>(২) হিমায়িতকরণ (freezing), ঘনিভূতকরণ (concentration), নির্বীজণ (sterilization), জীবানুমুক্তকরণ (pasteurization), পাচন (fermentation):<br>(৩) রাসায়নিক এবং সংরক্ষণদ্রব্য (preservatives) মুক্ত প্যাকেজিং।<br>(খ) উৎকৃষ্ট প্রাকৃতিক উৎস থেকে ভৌত প্রক্রিয়াজাতের মাধ্যমে প্রাপ্ত অনুমোদিত খাদ্য সংযোজন দ্রব্য;<br>(গ) একাধিক উপাদানে প্রস্তুত খাদ্য বা যৌগিক খাদ্যকে 'প্রাকৃতিক' বলা যাইবে না; তবে যদি উপাদানসমূহ 'ক' বা 'খ' তে বর্ণিত নির্দেশনা মোতাবেক হয় সেইক্ষেত্রে 'প্রাকৃতিক উপাদানের সমন্বয়ে প্রস্তুত' শব্দ ব্যবহার করা যাইবে। |
| ২। | তাজা<br>(Fresh) | (ক) 'তাজা' (Fresh) শব্দটি তখনই ব্যবহার করা যাইবে যখন খাদ্যটি ধৌতকরণ, খোসামুক্তকরণ, ঠাণ্ডাকরণ, ছাঁটাইকরণ বা টুকরাকরণ ব্যতীত অন্য কোনো উপায়ে প্রক্রিয়াজাত করা না হয় অথবা নিরাপদ ভোগের জন্য ইহাকে এমন কোনোভাবে প্রক্রিয়াজাত করা হয় যাহাতে ইহার মৌলিক বৈশিষ্টসমূহ অপরিবর্তিত থাকে। তবে এই ধরনের প্রক্রিয়াকরণ যদি পণ্যের শেলফ-লাইফ (shelf-life) বৃদ্ধির উদ্দেশ্যে হয় সেইক্ষেত্রে 'তাজা শব্দটি ব্যবহার করা যাইবে না।<br>(খ) 'তাজা' বা 'সতেজ' শব্দটি পণ্যের উপস্থিত অবস্থা বর্ণনা ব্যতীত অন্য কোনো অর্থ বহন করিবে না। যদি কোনো খাদ্যে খাদ্য সংযোজন দ্রব্য যুক্ত করা হয় অথবা খাদ্যসমূহ তাজা রাখিবার নিমিত্ত মোড়কীকরণ বা মজুদকরণ বা সরবরাহ শৃঙ্খলে কোনো পদ্ধতি অবলম্বন করা হইলে 'সতেজতার সাথে মোড়কীকরণ (freshly packed)' বা 'সতেজভাবে সংরক্ষণ (freshly stored)' শব্দ ব্যবহার করা যাইবে না। তবে শর্ত থাকে যে হিমায়িত খাবারের ক্ষেত্রে 'সতেজ' শব্দটি ব্যবহার করা যাইবে যদি পণ্যটি তাজা অবস্থায় হিমায়ন করা হয়। |
| ৩। | খাঁটি<br>(Pure) | (ক) 'খাঁটি' শব্দটি শুধুমাত্র একটি উপাদান সমৃদ্ধ খাদ্যকে বর্ণনা করিতে ব্যবহার করা যাইবে যাহাতে অন্য কোনো উপাদান সংযোজন করা হয় নাই এবং যাহা পরিহারযোগ্য দূষণ থেকে মুক্ত অথবা যাহার অনিবার্য দূষণের মাত্রা 'নিরাপদ খাদ্য (রাসায়নিক দূষক, টক্সিন এবং ক্ষতিকর অবশিষ্টাংশ) প্রবিধানমালা, ২০১৭' এ নির্ধারিত মাত্রার নিম্নে অথবা নিরাপদ খাদ্য আইন, ২০১৩ বা এর আওতায় প্রণীত বিধি ও প্রবিধানের অধীনে প্রদত্ত অন্য কোনো মানদন্ড অনুসারে হওয়া আবশ্যক।<br>(খ) মিশ্রিত বা যৌগিক খাদ্য কখনোই সরাসরি খাঁটি হিসাবে বর্ণনা করা যাইবে না তবে 'খাঁটি উপাদানে প্রস্তুত' মর্মে বর্ণনা দেওয়া যাইবে। |

মাবিয়া খাতুন

| | | |
|---|---|---|
| ৪। | অকৃত্রিম, প্রকৃত, নির্ভেজাল (Authentic, Real, Genuine) | এই শব্দসমূহ শুধুমাত্র তখনই ব্যবহার করা যাইতে পারে যখন লেবেল বা বিজ্ঞাপন খাদ্যের দাবিকৃত সামগ্রীক বাস্তব গুনমান স্পষ্টভাবে বিবৃত করে এবং শব্দটি ব্যবহারের যৌক্তিকতা উপস্থাপন করে । |
| ৫। | ঐতিহ্যবাহী (Traditional) | প্রজন্ম (ত্রিশ বছর) ধরে অবিকৃত অবস্থায় বিদ্যমান কোনো একটি খাদ্যের রেসিপি বা আদি প্রস্তুত প্রণালী বা প্রক্রিয়াকরণ পদ্ধতি বর্ণনা করিবার জন্য 'ঐতিহ্যবাহী' শব্দটি ব্যবহার করা যাইবে। |
| ৬। | আদি (Original) | (ক) 'আদি' শব্দটি শুধুমাত্র এমন একটি খাদ্যকে বর্ণনা করিবার জন্য ব্যবহার করা যাইবে যাহা একটি ফর্মুলেশনে তৈরি করা হইয়াছে, যাহার উৎসের সন্ধান পাওয়া গিয়াছে এবং যাহা কালের বিবর্তনে অপরিবর্তিত আছে। ইহা শুধুমাত্র প্রধান উপাদানজনিত নয় বরং একটি প্রক্রিয়া বর্ণনা করিতে ব্যবহার করা যাইতে পারে। তবে শর্ত থাকে যে, ইহা খাদ্য তৈরিতে প্রথম এবং অপরিবর্তিত ব্যবহৃত প্রক্রিয়া হিসাবে স্বীকৃত । |

মাবিয়া খাতুন
সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং)
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

## ফরম

[প্রবিধান ১২ এর উপ-প্রবিধান (১) দ্রষ্টব্য]

নিরাপদ খাদ্য (বিজ্ঞাপন ও দাবি) প্রবিধানমালা, ২০২২ **মোতাবেক খাদ্যের বিজ্ঞাপনে প্রকাশিতব্য দাবি অনুমোদনের আবেদন।**

ছবি

| ব্যবসার ধরন (টিক দিন): | |
|---|---|
| (ক) শিল্পজাত খাদ্য | |
| (খ) কুটির শিল্পজাত খাদ্য | |
| (গ) দুগ্ধ ও দুগ্ধজাত খাদ্য | |
| (ঘ) মাংশ বা মাংশজাত খাদ্য | |
| (ঙ) পানি বা পানীয় জাত খাদ্য | |
| (চ) আমদানি কারক | |
| (ছ) পুন: প্রক্রিয়াজাতকারী | |
| (জ) উদ্ভিদজাত খাদ্য | |
| (ঝ) অন্যান্য | |

১। আবেদনকারীর নাম (ব্যক্তি/কোম্পানি/ সংস্থা/ খাদ্য ব্যবসায়ীর নাম):

২। আবেদনকারীর ঠিকানা (ব্যক্তি/কোম্পানি/ সংস্থা / খাদ্য ব্যবসায়ীর ঠিকানা):

৩। আবেদনকারীর খাদ্য উৎপাদন ইউনিটের ঠিকানা (মোবাইল, ইমেইল, ফ্যাক্স, টেলিফোন ইত্যাদিসহ):

৪। টিআইএন নম্বর:

৫। এনআইডি নম্বর:

৬। নিম্নলিখিত তথ্যাবলি যুক্ত করিতে হইবে:

৭। যাহা দাবি করা হইবে:

৮। যাহার ভিত্তিতে দাবি করা হইবে খাদ্যের সেই উপাদান, পুষ্টি বা পদার্থের নাম:

৯। যেই উপাদান বা পদার্থের জন্য দাবি করা হইবে তাহা বিশ্লেষণের বৈধ পদ্ধতি:

১০। দাবি প্রমাণের স্বপক্ষে বৈজ্ঞানিক তথ্য, উপাত্ত বা উপকরণ:

১১। আবেদন পত্রের সহিত নিম্নবর্ণিত কাগজাদি সংযুক্ত করিতে হইবে:

(ক) স্বাস্থ্য দাবির ক্ষেত্রে সরকার কর্তৃক স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের দ্বারা বা প্রতিষ্ঠিত গবেষণা প্রতিষ্ঠানের অধীন কার্যকারিতা যাচাইয়ের জন্য সু-পরিকল্পিতভাবে পরিচালিত বৈজ্ঞানিক পরীক্ষা প্রতিবেদনের কপি;

(খ) প্রদত্ত ফি এর চালান কপি;

(গ) অন্য কোনো প্রয়োজনীয় তথ্য (যদি থাকে)।

আবেদনকারীর নাম ও স্বাক্ষর
সিল ও তারিখ।

**বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের আদেশক্রমে,**

**মো: আব্দুল কাইউম সরকার**
**চেয়ারম্যান।**